

রামকৃষ্ণ মিশনের প্রার্থনা সঙ্গীত

খণ্ডন ভব বন্ধন জগ বন্দন বন্দি তোমায়।
নিরঞ্জন নর-রূপ-ধর নিৰ্গুণ গুণময় ॥
মোচন অঘদূষণ জগভূষণ চিদ্বনকায়।
জ্ঞানাজ্ঞান-বিমল-নয়ন বীক্ষণেমোহ জায় ॥
ভাস্বর ভাব-সাগর চির-উন্মদ প্রেম-পাথার।
ভক্তার্জন-যুগল চরণ তারণ-ভব-পার ॥
জুগুপ্ত-যুগ-ঈশ্বর জগদীশ্বর যোগসহায়।
নিরোধন সমাহিতমন নিরখি তব কৃপায় ॥
ভঞ্জন-দুঃখগঞ্জ কৰুণাঘন কর্ম-কঠোর।
প্রাণার্পণ জগত-তারণ কুন্তন-কলিডোর ॥
বঞ্চন-কামকাঞ্চন অতিনিন্দিত-ইন্দ্রিয়রাগ।
ত্যাগীশ্বর হে নরবর দেহপদে অনুরাগ ॥
নির্ভয় গতসংশয় দৃঢ়নিশ্চয়-মানসবান।
নিষ্কারণ-ভকত-শরণ ত্যজি জাতি-কুল-মান ॥
সম্পদ তব শ্রীপদ ভব-গোম্পদ-বারি যথায়।
প্রেমার্পণ সমদরশন জগজন-দুঃখ জায় ॥
নমো নমো প্রভু বাক্য-মনাতীত মনোবচনৈকাধার।
জ্যোতির জ্যোতি উজল-হৃদিকন্দর তুমি তম-ভঞ্জন হার ॥
ধে ধে ধে লঙ্ক রঙ্ক ভঙ্ক বাজে অঙ্ক সঙ্ক মুদঙ্ক গাহিছে ছন্দ ভকতবৃন্দ আরতি তোমার ॥
জয় জয় আরতি তোমার হর হর আরতি তোমার শিব শিব আরতি তোমার ॥
খণ্ডন ভব বন্ধন জগ বন্দন বন্দি তোমায় ॥

জয় শ্রীগুরুমহারাজ জী কি জয় ॥